



সিঙ্গাপুর সফরে যাচ্ছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ। ছবি: সংগৃহীত

সিঙ্গাপুরের সঙ্গে দ্বিপাক্ষীয় সহযোগিতা বাড়ানোর লক্ষ্য নিয়ে সরকারি সফরে যাচ্ছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম। রোববার (৯ আগস্ট) তাঁর সিঙ্গাপুর যাওয়ার কথা রয়েছে। সফরটি শেষ হবে ১২ আগস্ট।

নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর এটিই কোনো মন্ত্রিসভা সদস্যের প্রথম সরকারি সিঙ্গাপুর সফর। সফরে দেশটির শীর্ষ পর্যায়ের কয়েকজন কর্মকর্তার সঙ্গে বৈঠক করবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

সফরসূচি অনুযায়ী, সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ড. ডিভিয়ান বালাকৃষ্ণন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী জুলকারনিয়ান বিন আবদুল রহিম এবং জনশক্তি বিষয়ক প্রতিমন্ত্রী দিনেশ ভাসু দাশের সঙ্গে তাঁর বৈঠক হওয়ার কথা রয়েছে। আলোচনায় দুই দেশের পারস্পরিক স্বার্থ, বিদ্যমান সম্পর্ক এবং ভবিষ্যৎ সহযোগিতার বিভিন্ন বিষয় গুরুত্ব পেতে পারে।

সিঙ্গাপুরের বন্দর ও বর্জ্য ব্যবস্থাপনা খাত সম্পর্কেও ধারণা নিতে সফরকালে পিএসএ ইন্টারন্যাশনাল এবং ট্রাস ওয়ান পরিদর্শন করবেন শামা ওবায়দ। বন্দর পরিচালনা ও বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সিঙ্গাপুরের অভিজ্ঞতা এ সফরে গুরুত্ব পাবে বলে মনে করা হচ্ছে।

দেশটিতে বসবাসরত প্রায় দেড় লাখ বাংলাদেশি নিয়মিত দেশে অর্থ পাঠাচ্ছেন। তাঁদের অবদানের স্বীকৃতি দিতে সিঙ্গাপুরে 'রেমিট্যান্স সম্মাননা ২০২৬' অনুষ্ঠানের আয়োজন করছে দৈনিক বণিক বার্তা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর যোগ দেওয়ার কথা রয়েছে।

এই সফরের মধ্য দিয়ে দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের পাশাপাশি প্রযুক্তি, জনশক্তি, বন্দর ও লজিস্টিকস এবং টেকসই উন্নয়ন খাতে নতুন সহযোগিতার সুযোগ তৈরি হবে বলে আশা করা হচ্ছে।